



ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজ ভর্তি-নির্দেশিকা

বাণিজ্য ইউনিট

১ম বর্ষ স্নাতক (সম্মান)
(চার বছর মেয়াদি অনার্স কোর্স)
শিক্ষাবর্ষ : ২০২০-২০২১

পরীক্ষার তারিখ : ০২ অক্টোবর ২০২১, শনিবার
সকাল : ১০:০০-১১:০০ টা


[



বিজনেস স্টাডিজ অনুষদ ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের যথাক্রমে (১) ঢাকা কলেজ (২) কবি নজরুল সরকারি কলেজ (৩) ইডেন মহিলা কলেজ (৪) বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ (৫) সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ (৬) সরকারি বাঙলা কলেজ (৭) সরকারি তিতুমীর কলেজ-এর বাণিজ্য শাখার বিভাগসমূহে ২০২০-২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ইডেন মহিলা কলেজ এবং বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের আসনসমূহ শুধু ছাত্রী এবং ঢাকা কলেজের আসনসমূহ শুধু ছাত্রদের জন্য সংরক্ষিত থাকবে। এছাড়া সরকারি তিতুমীর কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ এবং সরকারি বাঙলা কলেজে ছাত্র-ছাত্রী উভয়েই ভর্তি হতে পারবে। উপর্যুক্ত কলেজসমূহের বাণিজ্য শাখার বিভাগসমূহে ২০২০-২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের মাধ্যমে সম্পন্ন করা হবে। ডিগ্রিসমূহের সনদপত্র ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদান করা হবে। বিশ্ববিদ্যালয়ের অন্য কোনো সুবিধা ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য নয়।


ডিন (ভারপ্রাপ্ত)
বিজনেস স্টাডিজ অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়


ভর্তির যোগ্যতা ও প্রাথমিক আবেদনপত্র

- ১। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ব্যবসায় শিক্ষা/‘এ’ লেভেল/ বিজনেস ম্যানেজমেন্ট-এ উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- ২। প্রার্থীকে ২০১৫ থেকে ২০১৮ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমতুল্য এবং ২০২০ সালের উচ্চমাধ্যমিক বা তার সমতুল্য পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে, শুধু তারাই আবেদন করতে পারবে।
- ৩। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য ব্যবসায় শিক্ষায় উচ্চ মাধ্যমিক এবং বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় যাদের প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৬.৫০ আছে কেবল তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজনেস ম্যানেজমেন্ট গ্রুপ থেকে আগত প্রার্থীদের একাউন্টিং বিষয়টি অবশ্যই থাকতে হবে এবং উক্ত বিষয়ে অন্তত B গ্রেড (গ্রেড পয়েন্ট ৩.০) থাকতে হবে।
- ৪। জি.সি.ই ‘ও’ লেভেলে অন্তত ৫-টি বিষয়ে এবং ‘এ’ লেভেলে অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। যাদের ‘A’ লেভেলে Business Studies/ Accounting/ Economics/ Mathematics-এর মধ্যে যে কোন একটি বিষয় ছিল, কেবল তারাই আবেদন করতে পারবে।
- ৫। সমতা নিরূপণ
‘ও’ লেভেল/‘এ’ লেভেল/সমমান বিদেশী পাঠ্যক্রমে বা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপণের জন্য <https://collegeadmission.eis.du.ac.bd> ওয়েবসাইটে গিয়ে “সমমান আবেদন” বা “Equivalence Application” মেনুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপণের পর প্রাপ্ত “Equivalence ID” ব্যবহার করে সাধারণ শিক্ষার্থীদের মত তারাও একই ওয়েবসাইটে লগ ইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের পয়েন্ট হবে নিম্নরূপ: A=5.0, B=4.0, C=3.50, D=3.
- ৬। আবেদন ফি পরিশোধ করার পদ্ধতিঃ ১০/০৭/২০২১ তারিখ হতে ২০/০৮/২০২১ তারিখ রাত ১১ঃ৫৯-এর মধ্যে ওয়েবসাইট <https://collegeadmission.eis.du.ac.bd>-এ অনলাইনে আবেদন করতে হবে। ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিকের তথ্য বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর কোটার তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ওয়েবসাইটে উল্লেখিত সাইজের একটি ছবি প্রয়োজন হবে। আবেদনকারীকে দেশের ৪টি রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী) যে কোন শাখায় নির্ধারিত সময়সীমার মধ্যে অথবা যে কোন ডেবিট/ক্রেডিট কার্ড, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের (যেমনঃ নগদ/বিকাশ/রকেট ইত্যাদি) মাধ্যমে ভর্তি পরীক্ষার ফি ৫০০.০০ (পাঁচশত) টাকা জমা দিতে হবে। আবেদন ও ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য <https://collegeadmission.eis.du.ac.bd>-এ ওয়েবসাইটে পাওয়া যাবে।
- ৭। প্রযোজ্য ক্ষেত্রে অধিভুক্ত ৭ (সাত) কলেজসহ টাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা-কর্মচারীদের ওয়ার্ডকোটা, উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক ও শ্রবণ) ও মুক্তিযোদ্ধা (সন্তান, নাতি-নাতনি) কোটার মধ্যে প্রার্থী যে কোটায় ভর্তি হতে ইচ্ছুক অনলাইনে ভর্তি ফরম পূরণের সময়ে সেই কোটায় অবশ্যই টিক চিহ্ন দিতে হবে।

ভর্তি পরীক্ষা

- ৮। ভর্তি পরীক্ষা ০২ অক্টোবর ২০২১ তারিখ (রোজ শনিবার) সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হবে।
- ৯। ভর্তি পরীক্ষায় প্রার্থীদের পরীক্ষার স্থান website <https://collegeadmission.eis.du.ac.bd> এর মাধ্যমে জানানো হবে।
- ১০। পরীক্ষা MCQ (Multiple Choice Question) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের নির্দেশাবলি অংশে বর্ণিত থাকবে। ভর্তি পরীক্ষায় কোন প্রকার Calculator বা তদ্রূপ কিছু ব্যবহার করা যাবে না।
- ১১। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর/গ্রেড-এর ভিত্তিতে মেধাক্ষেত্র নির্ধারিত হবে।
- ১২। মোট ১২০ নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের মেধা তালিকা তৈরী করা হবে। এজন্য শিক্ষার্থীদের মাধ্যমিক পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ ১০ নম্বরে এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ ১০ নম্বরে রূপান্তর করে এই দুইয়ের যোগফল ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ১২০ নম্বরের উপর শিক্ষার্থীদের মেধা তালিকা তৈরী করা হবে।
- ১৩। ভর্তি পরীক্ষায় মোট ১০০টি প্রশ্নে ১০০ নম্বর থাকবে এবং পরীক্ষার জন্য ১ (এক) ঘন্টা সময় নির্ধারিত থাকবে।
- ১৪। পরীক্ষার উদ্দেশ্য হবে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অর্জিত জ্ঞান যাচাই করা। উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠ্যক্রমের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে। ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের বন্টন নিম্নরূপ:

ক) ব্যবসায় শিক্ষা	নম্বর
বাংলা	(আবশ্যিক) (২০×১.০০) ২০
ইংরেজি	(আবশ্যিক) (২০×১.০০) ২০
হিসাববিজ্ঞান	(আবশ্যিক) (২০×১.০০) ২০
ব্যবসায় নীতি ও প্রয়োগ	(আবশ্যিক) (২০×১.০০) ২০
মার্কেটিং/ ফিন্যান্স এন্ড ব্যাংকিং (যে কোন ১টি)	(২০×১.০০) ২০
	মোট= ১০০


ডক (ভারপ্রাপ্ত)
 - গবেষণা স্টাডিজ অফিস
 ঢাকা বিশ্ববিদ্যালয়

খ) A Level

English (Compulsory)	(25x1)	25
Advanced English (Compulsory)	(25x1)	25
Business Studies*	(25x1)	25
Accounting*	(25x1)	25
Economics*	(25x1)	25
Total =		<u>100</u>

* Business Studies, Accounting ও Economics এই তিনটি বিষয়ের মধ্যে যে কোন দুটি বিষয়ের উত্তর প্রদান করবে।

মেধাতালিকা প্রকাশ ও করণীয়

১৫। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ নম্বর এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে ৫৩১০ জন প্রার্থীকে ভর্তির জন্য বিবেচনা করা হবে। পরীক্ষার পাশের জন্য ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। ভর্তির উপরোক্ত শর্ত কোটাসহ সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে।

ভর্তির জন্য নির্বাচিত মোট ৫৩১০ জনকে মেধা অনুসারে নিম্নলিখিত ৭-টি (সাতটি) কলেজের ভর্তির জন্য বিবেচনা করা হবে।

১৬।

কলেজসমূহের নাম	বিষয়	আসন সংখ্যা	মোট
ঢাকা কলেজ	ব্যবস্থাপনা	৩০০	৬০০
	হিসাববিজ্ঞান	৩০০	
কবি নজরুল সরকারি কলেজ	ব্যবস্থাপনা	৩০০	৭০০
	হিসাববিজ্ঞান	৩০০	
	মার্কেটিং	৫০	
	ফিন্যান্স এন্ড ব্যাংকিং	৫০	
ইডেন কলেজ	ব্যবস্থাপনা	৩২০	১০৫৫
	হিসাববিজ্ঞান	৩৩০	
	মার্কেটিং	২১৫	
	ফিন্যান্স এন্ড ব্যাংকিং	১৯০	
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ	ব্যবস্থাপনা	৬৫	১৩০
	হিসাববিজ্ঞান	৬৫	
সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ	ব্যবস্থাপনা	২০০	৪০০
	হিসাববিজ্ঞান	২০০	
সরকারি বাঙলা কলেজ	ব্যবস্থাপনা	৩৬০	৯৬০
	হিসাববিজ্ঞান	৩৬০	
	মার্কেটিং	১২০	
	ফিন্যান্স এন্ড ব্যাংকিং	১২০	
সরকারি তিতুমীর কলেজ	ব্যবস্থাপনা	৪৬২	১৪৬৫
	হিসাববিজ্ঞান	৪৭৮	
	মার্কেটিং	২৭০	
	ফিন্যান্স এন্ড ব্যাংকিং	২৫৫	
	মোট আসন	৫৩১০	৫৩১০


যদি কোন শিক্ষার্থী বিজ্ঞান ইউনিট হতে কলা ও সামাজিকবিজ্ঞান ইউনিট এবং বাণিজ্য ইউনিটের কোন বিভাগে ভর্তি হতে চায় তাহলে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীকে অনলাইনে বিভাগ পছন্দক্রম ফরম পূরণ করতে হবে এবং অধিভুক্ত কলেজের বিধি মোতাবেক মেধার ভিত্তিতে আসন সংখ্যানুযায়ী বিভাগ নির্ধারণ করা হবে।

১৭। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোন ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বিশেষ দৃষ্টব্য:

ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ফরমের সংগে প্রয়োজনীয় সনদপত্র যথা-মার্কসীট/সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ছাড়াও অন্যান্য যে সব কাগজ জমা দিতে হবে সেগুলো হচ্ছে:

- (১) প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সে প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র।
- (২) উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
- (৩) মাধ্যমিক শ্রেণীর রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং ৫ কপি পাসপোর্ট সাইজ ছবি।
- (৪) অনলাইন ভর্তি ফরম পূরণের সময় কোটা সংক্রান্ত যাবতীয় তথ্য দিতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন নতুন অন্তর্ভুক্তি গ্রহণ করা হবে না।
- (৫) পরীক্ষার হলে ক্যালকুলেটর, মোবাইল ফোন বা তদ্রূপ যে কোন ডিভাইস ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।



ডীন (ভারপ্রাপ্ত)
সকেনস স্টাডিজ অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়